বাংলাদেশ কৃষি ব্যাংক
আঞ্চলিক কার্যালয়, খাগড়াছড়ি।

জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক কার্যালয়, খাগড়াছড়ি এর "নৈতিকতা কমিটি"র সভার কার্যবিবরণী- মার্চ ২০২২।

জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক আঞ্চলিক কার্যালয়, খাগড়াছড়ি এ গঠিত নৈতিকতা কমিটির সভা আঞ্চলিক ব্যবস্থাপক জনাব মো: লকিত উল্লাহ এর সভাপতিত্বে ৩১.০৩.২০২২ ইং সকাল ১১.৩০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোক্ত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

০১। জনাব মোহাম্মাদ নাসির উদ্দিন, আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, খাগড়াছড়ি।

০২। জনাব আবদুল্যাহ আল্ নোমান, উর্ধ্বতন কর্মকর্তা ও সদস্য সচিব জাতীয় শুদ্ধাচার কমিটি, খাগড়াছড়ি।

০২। ব্যক্তিগত, কর্মক্ষেত্র ও জাতীয় পর্যায়ে শুদ্ধাচার চর্চার গুরুত্ব তুলে ধরার মাধ্যমে সভাপতি মহোদয় কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, যে কোন প্রতিষ্ঠানের সফলতা অর্জনে শুদ্ধাচার চর্চার বিকল্প নেই। দক্ষতা ও জ্ঞান, সফলতার অন্যতম শর্ত। তাই, দক্ষতা ও জ্ঞানের সাথে কর্তব্যনিষ্ঠ, সততা, সময়ানুবর্তিতা, আইনের প্রতি আনুগত্য তথা শুদ্ধাচারের যাবতীয় বিষয়ের সমন্বয় প্রয়োজন। সুশাসন নিশ্চিতকরনে শুদ্ধাচার অনুশীলন একান্ত প্রয়োজন বলে সভাপতি মহোদয় অভিমত ব্যক্ত করেন। তিনি আরো বলেন, পরিবার, সমাজ, কর্মক্ষেত্র, রাষ্ট্র তথা জীবনের প্রতিটি অংশ থেকে ব্যক্তি শুদ্ধাচারের শিক্ষা অর্জন করে তা বাস্তবজীবনে প্রয়োগের মাধ্যমে সামগ্রিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হয়।

বর্তমানে ব্যাংকিং খাতে নানামুখী শৃঙ্খলার ঘাটতি পরিলক্ষিত হওয়ায় শুদ্ধাচার কৌশল প্রনয়ন ও বাস্তবায়নের সময়োপযোগী পদক্ষেপ গ্রহণ অতীব জরুরী বলে সভায় উপস্থিত সকলে একমত পোষন করেন। ব্যাংকের কর্মপরিবেশ, ঋণ প্রদানে স্বচ্ছতা, মানি লন্ডারিং প্রতিরোধসহ শৃঙ্খলাজনিত সার্বিক উন্নয়নের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশলপত্র, শুদ্ধাচার প্রতিষ্ঠায় বাংলাদেশ কৃষি ব্যাংকের কর্মপরিকল্পনা তথা শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে চ্যালেঞ্জসমূহ, রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। ব্যাংক কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত নৈতিকতা ও কর্তব্যনিষ্ঠার দ্বারা প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠার মাধ্যমে দুর্নীতিমুক্ত পরিবেশ সৃষ্টির লক্ষ্যে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়-

০১। ব্যাংকের সকল কর্মকর্তা/কর্মচারী জীবনের সকল ক্ষেত্রে তথা বিকেবি'র কর্মপরিসরে শুদ্ধাচার চর্চা করবেন।

০২। শাখা সমূহ সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিতকরনে সংশিষ্ট বিধিবিধান যথাযথভাবে পরিপালনে সচেষ্ট হবে। আর্থিক ব্যবস্থাপনা বা অন্য যে কোন বিষয়ে অনিয়ম পরিলক্ষিত হলে তা চিহ্নিতকরনের উপায় হিসাবে দৃষ্টিগোচর স্থানে অভিযোগ বাক্স স্থাপন করবে।

০৩। খেলাপী ঋণ সংস্কৃতি থেকে মুক্তিকল্পে ব্যাংকের খেলাপী ঋণ আদায়ে বিশেষ কর্মসূচী গ্রহণ করবে।

০৪। আঞ্চলিক কার্যালয়, খাগড়াছড়ি এর মাধ্যমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরনের লক্ষ্যে ইতোমধ্যে প্রতিটি শাখাকে ডিজিটালাইজড করা হয়েছে। শাখা সমূহে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীরা আধুনিক প্রযুক্তি বিশেষ করে কম্পিউটার পরিচালনায় ভীতি/অনীহা দুর করে স্ব- উদ্যোগে দক্ষ হতে সচেষ্ট হবেন।

০৫। ব্যাংকের কর্মপরিবেশ সুশৃঙ্খল রাখতে কর্মকর্তা/কর্মচারী যথাসময়ে কর্মস্থলে উপস্থিত হবেন এবং নিজ দায়িত্ব যথাযথভাবে সম্পন্ন করবেন। গ্রাহকদের দ্রুততার সাথে সর্বোত্তম সেবা প্রদানে সচেষ্ট হবেন।

০৬। সংশ্লিষ্ট সকলে সততার সাথে মানি লন্ডারিং রোধে সক্রিয় ভূমিকা পালন করবেন।

০৭। গ্রাহকদের দ্রুততার সাথে সর্বোত্তম সেবা প্রদানে সচেষ্ট হবেন এবং গ্রাহকদেরকেও নিজ নিজ পেশার ক্ষেত্রে সততা ও নৈতিকতা বাস্তবায়নে উৎসাহিত করবেন।

০৮। অঞ্চলাধীন সকল শাখার ঋণ হিসাব ও আমানত হিসাবের ব্যালেন্সিং হালনাগাদ নিশ্চিত করবেন।

০৯। অঞ্চলাধীন সকল শাখার আদায়/প্রদেয় খাতের অসমন্বিত এন্ট্রি সমূহ নিয়মিত করবেন।

১০। গুনগত মান বজায়ে রেখে কৃষি ঋণ বিতরণে অধিকতর স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করবেন।

১১। অঞ্চলের সকল শাখাকে অনলাইন শাখার আওতায় আনা হয়েছে। শাখার সকল গ্রাহকদের সব তথ্য সিবিএস সংরক্ষণ ও সংশোধন করার সিদ্ধান্ত গৃহিত।

১২। শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে শাখা প্রধানগণ নৈতিকতা কমিটির সদস্য সচিব, আবদুল্যাহ আল্ নোমান, উর্ধ্বতন কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক কার্যালয়, খাগড়াছড়ি এর সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করবেন।

১৩। অঞ্চলাধীন বিভিন্ন শাখার কর্মকর্তাদের বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেলে প্রাপ্ত অভিযোগ সমূহের অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করা হবে। (কার্যকারণ: জনাব আবদুল্যাহ আল্ নোমান, উর্ধ্বতন কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক কার্যালয়, খাগড়াছড়ি)

সভাপতি মহোদয় সার্বিকভাবে গতিশীল ব্যাংকিংয়ের মাধ্যমে উন্নততর অবস্থানে পৌঁছানোর লক্ষ্যে জোরদার কার্যক্রম পরিচালনা করার আমন্ত্রণ জানিয়ে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

| | | |
|---|---|---|
| ৩১-০৩-2022 | 31/03/2022 | 31/03/2022 |
| (আবদুল্যাহ আল্ নোমান) | (মোহাম্মাদ নাসির উদ্দিন) | (মোঃ লতিফ উল্লাহ) |
| উর্ধ্বতন কর্মকর্তা | আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা | আঞ্চলিক ব্যবস্থাপক |
| ও | ও | ও |
| সদস্য সচিব | সদস্য | আহবায়ক |
| আঞ্চলিক নৈতিকতা কমিটি | আঞ্চলিক নৈতিকতা কমিটি | আঞ্চলিক নৈতিকতা কমিটি |

আ:কা:(খাগড়া)লোন-৩(৪)/২০২১-২২/ তারিখ: ৩১.০৩.২০২২

<u>সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:-</u>

০১। মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম।
০২। উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি, খাগড়াছড়ি অঞ্চল।